ঈদে অপুর চেয়ে এগিয়ে বুবলী

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা : শাকিব-অপু এক সময় ঈদে একাধিক ছবি নিয়ে হাজির হতেন রুপালী পর্দায়। তবে গত দুই বছরে পাল্টে গেছে অনেক কিছু। ঈদে শাকিব ঠিকই থাকছেন, থাকছেন না অপু। তার বদলে থাকছেন বুবলী। এবারের ঈদে শাকিবের সঙ্গে বুবলীর দুটি ছবি মুক্তির অপেক্ষায় আছে। অপরদিকে শাকিব-অপুর একটি ছবি মুক্তি দেয়া যাবে কি না তা নিয়ে রয়েছে অনিশ্চয়তা।

উত্তম আকাশ পরিচালিত ‘চিটাগাইঙ্গা পোয়া, নোয়াখাইল্যা মাইয়া’ ছবিতে কাজ করেছেন শাকিব-বুবলী। এই ছবির কাজ শেষ। উত্তম আকাশ বলেন, ‘আমরা ছবিটির কাজ শেষ করেছি। ঈদ মানেই আনন্দ, গৎবাঁধা ছবির বাইরে একটিন গল্প নিয়ে আমি ছবিটি নির্মাণ করেছি, যা দর্শক পছন্দ করবে। এই ছবিটি আঞ্চলিক ভাষার কমেডি অ্যাকশন ধরনের। আমি মনে করি এই ছবিটি ঈদের আনন্দ আরো বাড়িয়ে দেবে।’

শাকিব-বুবলী জুটির আরেক ছবি ‘সুপার হিরো’। আশিকুর রহমান পরিচালিত ছবিটি ঈদে মুক্তির জন্য প্রস্তুত। আশিকুর রহমান বলেন, ‘আমরা ছবিটি ঈদের জন্যই প্রস্তুত করছি। গল্প নির্ভর অ্যাকশন এই ছবিটি অস্ট্রেলিয়া ও বাংলাদেশে শুটিং করেছি। লোকেশন, গল্প, এরেঞ্জমেন্ট সব মিলিয়ে ছবিটি দর্শক পছন্দ করবে।’

অন্যদিকে শাকিব খান ও অপু বিশ্বাস অভিনীত ‘পাংকু জামাই’ চলচ্চিত্রের শুটিং শেষ হলেও মুক্তি পাবে কি না তা এখনো ঠিক হয়নি। ছবির প্রযোজক মোজাম্মেল হক সরকার বলেন, ‘গত দুই বছর ধরে আমরা এই ছবিতে টাকা লগ্নি করে বসে আছি। এখন ছবির সব কাজ শেষ করে মুক্তির অপেক্ষায় আছি। আমরা ছবিটি এই ঈদে মুক্তি দিতে চেয়েছিলাম। কিন্তু আমাদের প্রযোজনা প্রতিষ্ঠানের কিছু কারণে ছবিটি ঈদে মুক্তি নাও দিতে পারি। তবে রোজার মধ্যেই আমরা ছবিটির মুক্তির দিন ধার্য করবো।’

নিউজবিডি৭১/আর/ ০১ জুন , ২০১৮